

শর্তাবলী :

- ০১। দরপত্রে উল্লেখিত দরের শতকরা ৩০% ভাগ অর্থ কোন তফসীল ব্যাংক হতে মেয়র, মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে জমা থাকবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২। যার দরপত্র অনুমোদিত হবে তাকে অনুমোদিত (দাখিলকৃত দরের) দরের অবশিষ্ট ৭৫% ভাগ টাকা এবং দরপত্র মূল্যের ১৫% ভাগ ভ্যাট ও ৫% ভাগ আয়কর এর টাকা অনুমোদনের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে মিরকাদিম পৌর তহবিলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে।
- ০৩। সংশ্লিষ্ট বাজারে আগত বিভিন্ন দ্রব্যের টোল জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ কর্তৃক অনুমোদিত রেইট অনুযায়ী আদায় করতে হবে। উক্ত রেইট তালিকা বোর্ডে লিখে হাট/বাজারের গুরুত্বপূর্ণ স্থানে জনগণের জ্ঞাতার্থে ইজারাদারের নিজ খরচে টাঙ্গিয়ে রাখতে হবে।
- ০৪। প্রতিটি বাজারের প্রাপ্ত সর্বোচ্চ ইজারা দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে পুনরায় দরপত্র আহ্বান প্রক্রিয়া অব্যাহত থাকবে।
- ০৫। দরপত্রদাতাকে সীলমোহরকৃত খামের উপর সংশ্লিষ্ট বাজারের নাম, দরপত্রদাতার নিজ নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ০৬। গৃহীত দরপত্রের সম্পূর্ণ টাকা মিরকাদিম পৌর তহবিলে জমা দেয়ার পর অনুমোদিত দরদাতার নিকট সংশ্লিষ্ট বাজার নির্ধারিত নন-জুডিশিয়াল ষ্টাম্প সম্পাদিত চুক্তিনামার মাধ্যমে প্রদান করা হবে।
- ০৭। প্রতিটি বাজারের জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র দাখিল করতে হবে।
- ০৮। ইজারাদার কোন প্রকারেই ইজারা প্রাপ্ত বাজার অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত (সাব-লিজ) দিতে পারবে না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারাদারের ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারাদার আইনতঃ দণ্ডনীয় হবেন।
- ০৯। যথাযথ রশিদের মাধ্যমে বাজারের টোল আদায় করতে হবে।
- ১০। সময়ে সময়ে জারীকৃত যে কোন সরকারি বা প্রশাসনিক আদেশ ইজারাদারের উপর আরোপিত হবে।
- ১১। দরপত্রের নির্ধারিত স্থানে মোট দর কথায় ও অংকে স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। কোন প্রকার ঘষামাজা বা ওভার রাইটিং থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১২। দরপত্র বিক্রয়কালীন সময়ে পৌরসভা হতে প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে। দরপত্র গ্রহণের দিন কোন স্থানেই দরপত্র বিক্রয় করা হবে না।
- ১৩। বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব ইজারাদারের এবং সেই বাবদ সকল খরচ ইজারাদার বহন করবেন।
- ১৪। প্রাপ্ত সর্বোচ্চ মূল্যের দরপত্র গ্রহণ করতে নিম্নস্বাক্ষরকারী বাধ্য নহেন এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

(আবদুস ছালাম)

মেয়র

মিরকাদিম পৌরসভা

মুন্সীগঞ্জ